## ৩.৯ সেবার নাম: বিচারিক

### ৩.৯.১ সেবা প্রোফাইল

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| জেলা/বিভাগীয় সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর | ১. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>২. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক (বিচার), পরিদর্শক<br>৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | জেলা/বিভাগীয় সমবায় কার্যালয়/সমবায় অধিদপ্তর | ৫-৯০ দিন |

| | | |
|---|---|---|
| **সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ** | | সমবায় সমিতির যেকোনো কার্যক্রম/নির্বাচন পরিচালনা করার ক্ষেত্রে উদ্ভূত বিরোধসংক্রান্ত বিষয়ে যেকোনো সদস্য সমিতি বা সমিতির কোনো সদস্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ডিসপুট মামলা দায়ের করতে পারেন। প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক (বিচার) এবং জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক/মহাপরিচালক বরাবরে ডিসপুট মামলা দায়ের করতে পারেন।<br><br>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমিতি বা সমিতির কোনো সদস্যের অভিযোগ প্রাপ্তির পর তারিখ, স্থান ও সময় উল্লেখপূর্বক উভয়পক্ষকে শুনানির নোটিশ জারি করেন।<br><br>অতঃপর নির্ধারিত তারিখ, স্থান ও সময় উভয়পক্ষের শুনানি গ্রহণপূর্বক রায় প্রদান করেন। রায়ের অনুলিপি তার দপ্তরে সংরক্ষণসহ বাদী, বিবাদী ও সংশ্লিষ্ট দপ্তরকে প্রদান করেন। রায় অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃক (বাদী, বিবাদী ও সংশ্লিষ্ট দপ্তর) ব্যবস্থা গ্রহণ করে থাকেন। অথবা প্রদত্ত রায়ে সংক্ষুব্ধ পক্ষ রায় প্রদানকারীর পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে আপীল আবেদন দাখিল ও আপীল রায়ের মাধ্যমে বিষয়টি নিস্পত্তি হয়। |
| **সেবাপ্রাপ্তির শর্তাবলি** | | সমবায় বিভাগ হতে নিবন্ধিত সমবায় সমিতি/সমিতির সদস্য হতে হবে |
| **প্রয়োজনীয় কাগজপত্র** | | আবেদনপত্র |
| **প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ** | | ১০০/- (একশত টাকার কোর্ট ফি) |
| **সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা** | | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| **নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা** | | প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| **সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ** | **ক) নাগরিক পর্যায়** | ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সমবায় আইন ও বিধি সম্পর্কে সদস্যদের স্বচ্ছ ধারণা না থাকায় অনেক সময় প্রয়োজনীয় কোর্ট ফি প্রদান না করে আবেদন করেন |
| | **খ) সরকারি পর্যায়** | বিচারিক বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ না থাকা |
| **বিবিধ/অন্যান্য** | | |